**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/10/2022 **গভর্নর ক্যাথি হোকল**

**এই উইকএন্ডে গ্রীষ্মমন্ডলীয় ঝড় নিকোল উত্তর দিকে সরে যেতে থাকায় জরুরি সাড়াদান সম্পদ প্রস্তুত করার জন্য স্টেট সংস্থাগুলোকে গভর্নর হোকলের নির্দেশ**

***নিকোলের অবশিষ্টাংশ শুক্রবার রাতে স্টেটকে প্রভাবিত করতে শুরু করবে এবং শনিবার ব্যাপী চলবে বলে ধারণা করা হচ্ছে***

***সেন্ট্রাল নিউ ইয়র্ক, ফিঙ্গার লেক, ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং নর্থ কান্ট্রি অঞ্চলে 2-3 ইঞ্চি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে এবং বন্যাপ্রবণ এলাকায় ছোটখাট বন্যার সম্ভাবনা রয়েছে***

***নিউ ইয়র্কবাসীদের স্থানীয় আবহাওয়ার পূর্বাভাস পর্যবেক্ষণ এবং জাতীয় আবহাওয়া পরিষেবার অ্যালার্টগুলির দিকে মনোযোগ দেওয়ার জন্য সনির্বন্ধভাবে অনুরোধ জানানো হয়েছে***

গভর্নর ক্যাথি হোকল আজ স্টেট সংস্থাগুলোকে জরুরি সাড়াদান সম্পদ প্রস্তুত করার নির্দেশ দিয়েছেন যেহেতু গ্রীষ্মমন্ডলীয় ঝড় নিকোলের অবশিষ্টাংশ শুক্রবার সন্ধ্যার মধ্যে নিউ ইয়র্কে প্রভাব ফেলবে বলে ধারণা করা হচ্ছে, যার ফলে ভারী বৃষ্টিপাত এবং বন্যার সম্ভাবনা রয়েছে। সেন্ট্রাল নিউ ইয়র্ক, ফিঙ্গার লেক এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চলে, সেইসাথে নর্থ কান্ট্রি অঞ্চলের টাগ হিল মালভূমি এলাকায় সর্বোচ্চ দুই থেকে তিন ইঞ্চি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে, এবং স্থানীয়ভাবে মোট বৃষ্টিপাতের পরিমাণ কিছুটা বেশি হতে পারে৷ বন্যাপ্রবণ এলাকায় ছোটখাট বন্যার সম্ভাবনা রয়েছে এবং ঘণ্টায় সর্বোচ্চ 40 মাইল বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে, ডাউনস্টেটে বাতাসের গতিবেগ উচ্চ থাকতে পারে। আগামী কয়েক দিন স্থানীয় আবহাওয়ার পূর্বাভাসের দিকে নিবিড়ভাবে নজর রাখার জন্য, এবং আবহাওয়ার যেকোনো চরম অবস্থার আগে বা চলাকালীন সময়ে জারি করা সম্ভাব্য জরুরি অবস্থা সংক্রান্ত আদেশ অনুসরণ করার জন্য গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদের প্রতি সনির্বন্ধভাবে অনুরোধ জানিয়েছেন। নিউ ইয়র্ক স্টেটের সংস্থা ও কর্তৃপক্ষগুলো ইতোমধ্যে স্টেটজুড়ে স্থানীয় সরকারের অংশীদারদের সাথে সম্পৃক্ত হয়েছে এবং প্রয়োজন অনুযায়ী সাড়া দেয়ার জন্য প্রস্তুত রয়েছে।

"শুক্রবার রাত থেকে শুরু করে, মৌসুমের-শেষদিকের আবহাওয়া সিস্টেম কিছু জায়গায় তিন ইঞ্চি বা তারো বেশি বৃষ্টিপাত ঘটানোর সম্ভাবনা রয়েছে, এবং বন্যা পরিস্থিতির ক্ষেত্রে প্রস্তুত থাকার জন্য আমি সকল নিউ ইয়র্কবাসীকে সনির্বন্ধভাবে অনুরোধ জানাচ্ছি," **বলেছেন গভর্নর**

**হোকল।** "আপনি যদি শুক্র ও শনিবার ভ্রমণের পরিকল্পনা করে থাকেন তাহলে অনুগ্রহ করে সাবধানতা অবলম্বন করুন এবং বাইরে যাওয়ার আগে স্থানীয় আবহাওয়ার অবস্থা চেক করুন।"

**নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services)-এর কমিশনার জ্যাকি ব্রে বলেন** "নিকোল উত্তর দিকে অগ্রসর হচ্ছে এবং স্টেটের কিছু অংশে আগামী কয়েক দিনের মধ্যে ভারী বৃষ্টিপাত এবং ঝোড়ো হাওয়ার সম্ভাবনা রয়েছে। গভর্নর হোকল এবং আমি এই উইকএন্ডে নিউ ইয়র্কবাসীদের আগাম প্রস্তুতি নিতে, স্থানীয় পূর্বাভাসের প্রতি মনোযোগ দিতে, যদি আপনার এলাকা প্রভাবিত হয় সেজন্য পরিকল্পনা করে রাখতে এবং আপনার অসহায় প্রতিবেশী ও প্রিয়জনদের খেয়াল রাখার কথা মনে রাখতে বলছি।"

## স্টেট এজেন্সির প্রস্তুতি

### পরিবহন বিভাগ (Department of Transportation)

পরিবহন বিভাগ (Department of Transportation) 3,280 জনেরও বেশি সুপারভাইজার ও অপারেটর নিয়ে সাড়াদানের জন্য প্রস্তুত রয়েছে। সকল মাঠ পর্যায়ের কর্মীরা সম্পূর্ণভাবে নিযুক্ত হতে ও সাড়া দিতে তৈরি আছে। কর্মীদের যেকোন ধরনের প্রয়োজনীয় প্রতিক্রিয়ার ক্রুতে কনফিগার করা যেতে পারে (বন্যার প্রতিক্রিয়া, চিপার, লোড অ্যান্ড হউল, সিভার জেট, কাট অ্যান্ড টস, ট্রাফিক সিগন্যাল ইত্যাদি)। প্রস্তুতি হিসেবে, ক্রুরা পানি নিষ্কাশন অবকাঠামোগুলো চেক করছে ও পরিষ্কার করছে যাতে এগুলো অবর্জনা ও আটকে যাওয়া থেকে মুক্ত থাকার বিষয়টি নিশ্চিত করা যায়। স্টেট ব্যাপী থাকা ইকুইপমেন্টের সংখ্যা নিম্নোক্তানুসারে:

- 1,516টি বৃহৎ ডাম্প ট্রাক
- 333টি বৃহৎ লোডার
- ট্র্যাকযুক্ত ও চাকাযুক্ত 79টি এক্সক্যাভেটর
- 72টি চিপার
- 18টি গ্রেডার
- সিউয়ার জেটসহ 14টি ভ্যাকুয়াম ট্রাক
- 14টি ট্রি ক্রু বাকেট ট্রাক

### থ্রুওয়ে কর্তৃপক্ষ

থ্রুওয়ে কর্তৃপক্ষ আসন্ন ঝড়ের জন্য নিবিড়ভাবে আবহাওয়া পর্যবেক্ষণ করছে এবং স্টেট জুড়ে বায়ু বা বন্যা সম্পর্কিত যেকোনো সমস্যার ক্ষেত্রে সাড়াদানের জন্য 651 জন অপারেটর ও সুপারভাইজার প্রস্তুত রয়েছে। এক্সক্যাভেটর, প্লাউ/ডাম্প ট্রাক, বৃহৎ লোডার, পোর্টেবল VMS বোর্ড, পোর্টেবল লাইট টাওয়ার, জেনারেটর, পাম্প ও সরঞ্জাম টানার ট্রেইলারের পাশাপাশি যেকোনো বিকল্প পথের ব্যবস্থা বা রাস্তা বন্ধ করার জন্য স্থাপনের উদ্দেশ্যে সাইন ও অন্যান্য ট্র্যাফিক কন্ট্রোল ডিভাইস লভ্য রয়েছে। 570-মাইল থ্রুওয়েতে মোটরচালকদের সতর্ক করতে বিভিন্ন রকমের বার্তার চিহ্ন, হাইওয়ে সতর্কতা রেডিও এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়েছে।

স্টেট জুড়ে থাকা ইকুইপমেন্টের সংখ্যা নিম্নরূপ:

- 349টি বড় ও ছোট ডাম্প ট্রাক
- 63টি লোডার

- 30টি ট্রেইলার
- 7টি ভ্যাক ট্রাক
- 14টি এক্সক্যাভেটর
- 8টি ব্রাশ চিপার
- 100টি চেইন স
- 21টি এরিয়াল ট্রাক
- 22টি স্কিড স্টিয়ার
- 84টি বহনযোগ্য জেনারেটর
- 65টি পোর্টেবল লাইট ইউনিট

থ্রুওয়ে কর্তৃপক্ষ তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে গাড়িচালকদেরকে উৎসাহিত করে যা আইফোন ও অ্যান্ড্রয়েড ডিভাইসে ডাউনলোড করার জন্য বিনামূল্যে পাওয়া যায়। অ্যাপের মাধ্যমে মোটরিস্টরা রাস্তায় থাকার সময় লাইভ ট্রাফিক ক্যামেরা, রিয়েল-টাইম তথ্য ও নেভিগেশন সংক্রান্ত সহায়তায় সরাসরি অ্যাক্সেস পাবেন। এছাড়াও গাড়ি চালকরা ট্রান্সঅ্যালার্ট (TRANSalert) ই-মেইলের জন্য সাইন-আপ করতে পারেন যা থ্রুওয়ে সংলগ্ন সর্বশেষ অবস্থা সম্পর্কে তথ্য প্রদান করে।

টুইটারে @ThruwayTraffic অনুসরণ করুন এবং থ্রুওয়ে ও নিউ ইয়র্ক স্টেটের অন্যান্য সড়কপথের ট্রাফিক পরিস্থিতি দেখানো ইন্টারেক্টিভ মানচিত্র দেখতে thruway.ny.gov ওয়েবসাইটে যান।

**পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation)**
DEC পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স, আপৎকালীন ম্যানেজমেন্ট স্টাফ এবং আঞ্চলিক স্টাফরা সতর্ক থাকবেন এবং পরিবর্তিত পরিস্থিতিতে নজর রাখবেন এবং খারাপ আবহাওয়ার দরুন ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে এরকম এরিয়া এবং অবকাঠামোগুলিতে তারা টহলদারি চালাবেন। সকল উপলভ্য সম্পদ যেকোনও জরুরি পরিস্থিতি মোকাবেলায় সহায়তা করতে প্রস্তুত রয়েছে।

**পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation)**
নিউ ইয়র্ক স্টেট পার্ক পুলিশ এবং পার্কের পার্সোনেলরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি এবং তার পরিণামের উপর কড়া নজর রাখছেন। পার্কে গমনকারীদের parks.ny.gov ওয়েবসাইট চেক করা উচিত অথবা পার্কের সময়, খোলা ও বন্ধের ব্যাপারে সর্বশেষ তথ্যের জন্য তাদের স্থানীয় পার্ক অফিসে কল করা উচিত।

**জনসেবার বিভাগ (Department of Public Service)**
এই ঘটনার জন্য নিউ ইয়র্ক স্টেটজুড়ে ক্ষয়ক্ষতি মূল্যায়ন, সাড়া প্রদান, মেরামত ও পুনর্বহাল কার্যক্রম পরিচালনার জন্য নিউ ইয়র্কের ইউটিলিটি এজেন্সিগুলোতে প্রায় 7,125 জন কর্মী রয়েছে। এতে কন এডিসন (Con Edison) এবং অরেঞ্জ অ্যান্ড রকল্যান্ড (Orange & Rockland) কর্তৃক সুরক্ষিত অতিরিক্ত 1,500 কর্মী এবং ন্যাশনাল গ্রিডের আপস্টেট বিভাগ কর্তৃক সুরক্ষিত

অতিরিক্ত 125 জন কর্মী অন্তর্ভুক্ত রয়েছে। এজেন্সির কর্মীরা পুরো সময় ইউটিলিটিগুলির কার্যক্রমের উপর নজর রাখবে এবং সবথেকে বেশি প্রভাবিত হতে পারে বলে ধারণা করা এলাকাগুলোতে ইউটিলিটি এজেন্সিগুলোর পর্যাপ্ত কর্মী নিয়োগের বিষয়টি নিশ্চিত করবে।

## নিউ ইয়র্ক স্টেট পুলিশ

স্টেট পুলিশ (State Police) ক্ষতিগ্রস্ত এলাকাগুলিতে প্রয়োজন অনুযায়ী অতিরিক্ত ট্রুপার মোতায়েন করতে প্রস্তুত। চার চাকার যানবাহন, এবং ইউটিলিটি টাস্ক যানবাহন সহ বিশেষভাবে তৈরি স্টেট পুলিশের সমস্ত গাড়ী অবিলম্বে সহায়তার জন্য তৈরি এবং প্রস্তুত রয়েছে। সকল ট্রুপ, জরুরি শক্তি এবং যোগাযোগ সরঞ্জাম পরীক্ষা করা হয়েছে।

## মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি

মেট্রোপলিটান ট্রান্সপোর্টেশন অথোরিটি (Metropolitan Transportation Authority, MTA) নিরাপদ, নির্ভরযোগ্য সেবা নিশ্চিত করতে নিবিড়ভাবে আবহাওয়ার অবস্থা পর্যবেক্ষণ করছে। MTA কর্মীদের যেকোনও আবহাওয়া সম্পর্কিত সমস্যায় সাড়াদান বা ট্র্যাকের উপর ভেঙ্গে পড়া যেকোনও গাছ সরাতে প্রস্তুত থাকবে।
তীব্র বাতাসের সময়কালে, MTA ব্রিজ ও টানেলে খালি ট্র্যাক্টর-ট্রেলার এবং ট্যান্ডেম ট্রাকের উপর নিষেধাজ্ঞা কার্যকর করতে পারে। পূর্বাভাসকৃত উচ্চ বাতাসের কারণে ব্রিজে পথচারীদের হাঁটার পথও বন্ধ রাখা হতে পারে।

গ্রাহকদের পরিষেবার সর্বশেষ আপডেট জানতে new.mta.info ওয়েবসাইট দেখার জন্য, এবং সিস্টেম ব্যবহারের সময়ে সতর্কতা অবলম্বন করতে উৎসাহিত করা হচ্ছে। গ্রাহকদের টেক্সট বা ইমেইলের মাধ্যম রিয়েল টাইম সার্ভিস অ্যালার্টের জন্য সাইন আপ করা উচিৎ। MTA-এর অ্যাপগুলির মাধ্যমেও এই সতর্কতা পাওয়া যায়: MYmta এবং TrainTime।

## বন্দর কর্তৃপক্ষ (Port Authority)

পোর্ট অথরিটিও আবহাওয়া পরিস্থিতির উপর নজর রাখছে। ব্রিজ, সর্বোপরি রোডওয়ে বরাবর এবং ক্রসিংগুলিতে গতির উর্ধ্বসীমা বেঁধে দেওয়া হতে পারে। বিলম্ব এবং বাতিলকরণের ব্যাপারে সর্বশেষ তথ্যের জন্য ক্যারিয়ার এবং এয়ারলাইনের সাথে সরাসরি যোগাযোগ করতে পোর্ট অথরিটির ফেসিলিটি থেকে যাত্রীদের উৎসাহ দেওয়া হচ্ছে। পোর্ট অথরিটির ফ্যাসিলিটিগুলো সম্পর্কে সর্বশেষ তথ্যের জন্য, অনুগ্রহ করে সোশ্যাল মিডিয়া চেক করুন, PA অ্যালার্ট এর জন্য সাইন-আপ করুন অথবা PA মোবাইল অ্যাপগুলির মধ্যে একটি ডাউনলোড করুন, যেমন RidePATH যেটি পাথ (PATH) সার্ভিসের জন্য রিয়েল-টাইম আপডেট ও অ্যালার্ট প্রদান করে।

## নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ

1. তীব্র আবহাওয়ার জন্য প্রস্তুত হন:
2. আপনি যেখানে বসবাস করেন সেখানের কাউন্টি এবং নিকটবর্তী শহরগুলির নাম জানুন। গুরুতর আবহাওয়ার সতর্কতা কাউন্টির ভিত্তিতে জারি করা হয়।
3. আপনাকে তাড়াতাড়ি চলে যেতে হতে পারে তাই আপনার বাড়ির বা ব্যবসা থেকে উঁচু, নিরাপদ স্থানে যাওয়ার নিরাপদতম রুটটি জেনে রাখুন।

4. একটি 'পরিবার নিয়ে পলায়ন' পরিকল্পনা গঠন এবং অনুশীলন করুন এবং পরিবারের সদস্যরা পৃথক হয়ে গেলে একটি দেখা করার স্থান সনাক্ত করে রাখুন।
5. আসবাব, পোশাক এবং অন্যান্য ব্যক্তিগত সম্পত্তি সহ সমস্ত মূল্যবান জিনিসগুলির একটি আইটেমকৃত তালিকা তৈরি করুন। একটি নিরাপদ স্থানে তালিকাটি রাখুন।
6. ক্যানের খাবার, ঔষধ এবং ফার্স্ট এইড সরবরাহ ও খাওয়ার পানির জরুরি সরবরাহ বেশি করে জমা করুন। পরিষ্কার, বন্ধ পাত্রে পানীয় জল সংরক্ষণ করুন।
7. আপনার পোষা প্রাণী নিয়ে কী করবেন পরিকল্পনা করে রাখুন।
8. একটি পোর্টেবল রেডিও, ফ্ল্যাশলাইট, অতিরিক্ত ব্যাটারি এবং উপলভ্য জরুরি রান্না সরঞ্জাম রাখুন।
9. আপনার অটোমোবাইলে পর্যাপ্ত জ্বালানি রাখুন। যদি বিদ্যুৎ সরবরাহ বিচ্ছিন্ন হয়, তাহলে পেট্রোল স্টেশনগুলি বেশ কয়েক দিন জ্বালানি পাম্প করতে নাও পারে। আপনার গাড়ির ট্রাঙ্কে একটি ছোট দুর্যোগ সরবরাহ কিট রাখুন।
10. দুর্যোগকালীন অত্যাবশ্যক সামগ্রীগুলি নাগালের মধ্যে রাখুন, যার মধ্যে রয়েছে:
    1. ফ্ল্যাশলাইট এবং অতিরিক্ত ব্যাটারি
    2. ব্যাটারি চালিত রেডিও এবং অতিরিক্ত ব্যাটারি
    3. ফার্স্ট এইড কিট এবং ম্যানুয়াল
    4. জরুরি খাদ্য এবং পানি
    5. অ-বৈদ্যুতিক ক্যান ওপেনার
    6. অপরিহার্য ওষুধ
    7. চেকবুক, নগদ, ক্রেডিট কার্ড, ATM কার্ড

নিরাপত্তা সংক্রান্ত আরো পরামর্শের জন্য নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস এর নিরাপত্তা পরামর্শ ওয়েবপেইজ www.dhses.ny.gov/oem/safety-info/index.cfm দেখুন।

###